

# संस्कृत-बांग्ला अभिधान

श्री अशोक कुमार बन्द्योपाध्याय

परिवेशक

श्रीबलराम प्रकाशनी

१०१बि, विवेकानन्द रोड, कोलकाता — ७

অ

অঃ— বি, পুং (অব—ড) রক্ষাকর্তা, বিয়ুৎ। প্রথম স্বরবর্ণ। অব্য —অভাব। নিষেধ। ভিন্ন। সোধোধন। ব্রহ্মা, শিব, বায়ু, ব্রহ্ম।

অঋণী (গিন্)— বিণ; ঋণশূন্য। স্ত্রী; শিনী।

অংশঃ— বি, পুং (অংশ—ভাবে—ঘঞ) ভাগ, খণ্ড।

অংশকঃ— বি, পুং (অংশ—কর্তৃ—ণক) স্মৃতি। স্ত্রী; দিন। বি-ণ, যে অংশ করে, অংশকারী। স্ত্রী; শিকা।

অংশকলা— বি, স্ত্রী; অংশের অংশ, অংশাংশ।

অংশভাক্ (ভাজ্)— (অংশ—ভজ—কর্তৃ—বিণ)

অংশভাগী(গিন্)— (অংশ—ভজ—কর্তৃ—গিন্)

অংশহর— (অংশ—হ—কর্তৃ—অন্)

অংশী(গিন্)— (অংশ ইন্) বি-ণ, যে অংশ পাইবার যোগ্য। স্ত্রী; ভাগিনী, হরা, শিনী।

অংশিত— বি-ণ, ত্রি (অংশ—কর্ম—ক্র) যাহা ভাগ করা হইয়াছে, বিভক্ত। স্ত্রী; তা।

অংশুঃ— বি, পুং (অংশ—কর্তৃ—উ) কিরণ। সূতার সূক্ষ্ম অংশ।

অংশুকম্— বি, স্ত্রী (অংশু—ক) বস্ত্র। উত্তরীয়।

অংশুকার্— বি, পুং; তারামৎস্যাদি।

অংশুপট্— বি, পুং, উজ্জ্বল রেশমী

পাগড়ী।

অংশুমৎফলা— বি, স্ত্রী; কদলীবৃক্ষ।

অংশুমান্ (মৎ)— বি, পুং; (অংশু-মতুপ) সূর্য। সূর্যবংশীয় অসমঞ্জ রাজার পুত্র, নাগর রাজার পৌত্র।

অংশুমালী (লিন্)— বি, পুং (অংশুমালা—ইন্) সূর্য্য।

অংশুলঃ— বি, পুং (অংশু—ল) চাণক্য মুনি। বিণ. প্রভাবুক্ত।

অংশুসঃ— বি, পুং, কী (অংশু—কর্তৃ—অচ্) স্কন্ধদেশ।

অংশুকূটঃ— বি, পুং; ঝাঁড়ের ঝুঁটি, ককুদ্।

অংশুল— বিণ. (অংশু—ল) বলবান। স্ত্রী; লা।

অংশুহঃ (হস্)— বি, স্ত্রী (অংশু—কর্ম—অস্) পাপ।

অংশুহতিঃ(তী)— বি, স্ত্রী, উপহার, ব্যাকুলতা, কষ্ট, মোগ, চিন্তা।

অংশুহিঃ— বি, পুং (অংশু—হি) চরণ। বৃক্ষের মূল।

অংশুহিপঃ— বি, পুং (অংশু—হি—পা—কর্তৃ—ড) বৃক্ষ।

অকম্— বি, স্ত্রী (ন—ক = সুখ) পাপ। দুঃখ।

অকচ— (চঃ) বি, পুং (ন—কচ) কেতুগ্রহ। ত্রি. কেশহীন।

অকথা— বি, স্ত্রী; মন্দ কথা।

অকথ্য— বি-ণ (ন—কথ—কর্ম—যৎ) যাহা বলার যোগ্য নয়, অবাচ্য।

অকপট— বি-ণ; সরল, উদার।